গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নং- ৩৩.০০.০০০০.১০৯.০৬.০১২.২২.১৭৯

তারিখঃ ০৬ চৈত্র ১৪২৯
২০ মার্চ ২০২৩

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় নৈতিকতা কমিটির ২০/০২/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী (হার্ডকপি ও সফটকপি) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২০/৩/২০২৩
(মো: আবদুর রহমান)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৪০৭
ই-মেইল: administration-3@mofl.gov.bd

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
সরকারি পরিবহন পুল ভবন
বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারি সচিব (শুদ্ধাচার শাখা)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (মৎস্য-১ অধিশাখা), ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ৩য় নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ২০/০২/২০২৩; দুপুর: ০২.০০ ঘটিকা। |
| স্থান | : | সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| উপস্থিতি | : | সংযুক্ত (পরিশিষ্ট-ক)। |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. নাহিদ রশীদ এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ হেমায়েত হোসেন আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি মন্ত্রণালয়কে বলেন যে, মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় প্রান্তিকের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ২০২২-২৩ অর্থবছরের অর্ধ-বার্ষিক (১ম ও ২য় প্রান্তিক) এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর ১৪/০২/২০২৩ তারিখে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। এ মন্ত্রণালয়ের অগ্রগতি সন্তোষজনক।

২.১ এ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২.২ ক্রমিকে রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, ২.৪ ক্রমিকের প্রকল্পের PSC ও PIC সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। ২.৫ ক্রমিকে প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি কার্যক্রম সম্পাদনের পর কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক তাৎক্ষনিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্বারোপ করেন।

২.২ ১০ টি জেলার জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রতি কোয়ার্টারে ০১ টি করে গণশুনানী আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। গণশুনানীসমূহে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, স্টেকহোল্ডার ও সাংবাদিকদের উপস্থিত করার বিষয়ে আলোচনা করা হয়।

২.৩ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিসে গবাদিপশুর ভ্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণ এবং উন্নয়ন প্রকল্পের আওতায় খামারিদের মাঝে গবাদিপশু ও হাঁস-মুরগি লক্ষ্যমাত্রা অনুযায়ী বিতরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনি ২০২৩ উদযাপনের বিষয়ে আলোচনা করা হয়।

২.৪ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন কর্তৃক লক্ষ্যমাত্রা অনুযায়ী ঢাকা শহরের ভ্রাম্যমান মাছ বিক্রির স্পট বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। মৎস্য অবতরণ কেন্দ্রে ডিজিটাল পদ্ধতিতে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বারোপ করা হয়।

২.৫ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও বিভিসি এর প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে হস্তান্তর করার নির্দেশনা প্রদান করা হয়।

২.৬ বিএলআরআই এর গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবার মূল্য তালিকা নির্ধারিত সময়ের মধ্যে অফিস সম্মুখে প্রদর্শন ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। মেরিন ফিশারিজ একাডেমিতে স্থাপিত ট্রান্সপারেন্ট অভিযোগ বক্সসমূহে নিয়মিত মনিটরিং এর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। সিদ্ধান্তঃ

(১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

(২) গত ১৪/০২/২০২৩ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত ফিডব্যাক সভার মতামত ও পরামর্শ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরবর্তী প্রান্তিকের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

(৩) প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতাধীন উপজেলা অফিসে গবাদি পশুর ভ্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণ করতে হবে।

(৪) উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে গবাদি পশু পাখি ও হাঁসমুরগী পালনের আগ্রহ বৃদ্ধির জন্য প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. নাহিদ রশীদ)
সচিব
ও
সভাপতি
শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভার উপস্থিতি

স্থানঃ সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখঃ ২০ ফেব্রুয়ারি/২০২৩ খ্রি: সময়ঃ দুপুর ০২.০০ ঘটিকা।

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর (২০/০২/২০২৩) |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |
| ৩. | মো: তোফাজ্জেল হোসেন, অতি: সচিব | |
| ৪. | নৃপেন্দ্র চন্দ্র দেবনাথ, যুগ্মসচিব | |
| ৫. | মোঃ হেমায়েত হোসেন, যুগ্মসচিব | |
| ৬. | ড. আবু নঈম মুহাম্মদ আব্দুর ছবুর, যুগ্মসচিব | |
| ৭. | মোহাম্মদ হাবীবুর রহমান, যুগ্মসচিব | |
| ৮. | মুর্শিদ আমেনা হোসেন, উপসচিব | |
| ৯. | মোঃ আরমান হাওলাদার, উপসচিব | |
| ১০. | [illegible] মণ্ডল, উপসচিব | |
| ১১. | ড. এস এম মোকাম্মেল কবির | |
| ১২. | ড. মোঃ আবদুল লতিফ, উপসচিব | |
| ১৩. | মৃনাল কান্তি দে, উপসচিব | |
| ১৪. | [illegible], উপসচিব | |
| ১৫. | মো: আবদুর রহমান, উপসচিব | |
| ১৬. | শাহীনা ফেরদৌসী, যুগ্মসচিব (প্রাণি-১) | ২০/২/২০২৩ |
| ১৭. | নীলুফা আক্তার, যুগ্মসচিব ([illegible]-২) | ২০/২/২৩ |
| ১৮. | গোলাম মাঈনউদ্দিন হাসান, উপসচিব | ২০/২/২৩ |
| ১৯. | | |
| ২০. | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নং-৩৩.০০.০০০০.১০৯.০৬.০১২.২২-১২৯

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৯ / ১৯ ফেব্রুয়ারি ২০২৩

# নোটিশ

বিষয়ঃ শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত।

আগামী ২০/০২/২০২৩ খ্রি. তারিখ রোজ সোমবার দুপুর ০২.০০ ঘটিকায় এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং: ৫১০-৫১২) সচিব মহোদয়ের সভাপতিতে শুদ্ধাচার সংক্রান্ত ৩য় নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯/০২/২০২৩

(মাহমুদা)
উপসচিব
ফোনঃ ৫১০০৪০৭
ই-মেইল: administration-3@mofl.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা প্রাণিসম্পদ দপ্তর

রাংগুনিয়া, চট্টগ্রাম।

## গবাদি ও হাঁস-মুরগির টিকাবীজের মূল্য তালিকা ও প্রয়োগবিধি:

| টিকার নাম | মূল্য (ভায়াল প্রতি) | টিকা প্রদানের বয়স | মাত্রা ও প্রয়োগ |
|---|---|---|---|
| আর ডি ভি (রাণিক্ষেত) | ১৫/- | ৬০ দিন | ১০০ মিলি ডিস্টিল্ড ওয়াটারে গুলিয়ে<br>১ মিলি রানের মাংসে |
| বিসিআরডিভি (বাচ্চা রাণিক্ষেত) | ১৫/- | ৫-৭ দিন ও ২১তম দিন | ৬ মিলি ডিস্টিল্ড ওয়াটারে গুলিয়ে<br>১ চোখে ১ ফোটা |
| পিজিয়ন পক্স (কবুতর ও মুরগির বসন্ত) | ২০/- | ৪ দিন | ৩ মিলি পানিতে গুলিয়ে<br>পাখার নিচে খুচিয়ে |
| ফাউল পক্স (মুরগির বসন্ত) | ৪০/- | ২৮ তম দিন | ৩ মিলি পানিতে গুলিয়ে<br>পাখার নিচে খুচিয়ে |
| ফাউল কলেরা | ৩০/- | ৭৫ তম দিন | ১ মিলি চামড়ার নিচে |
| সালমোনে লোসিস/ফাউল টাইফয়েড | ৯০/- | ৪২ দিন | ০.৫ মিলি চামড়ার নিচে |
| ডাকপ্লেগ | ৩০/- | ২৫ তম দিন | ১০০ মিলি ডিস্টিল্ড ওয়াটারে গুলিয়ে<br>১ মিলি বুকের মাংসে |
| গামবোরো | ২০০/- | ১৪ তম দিন | ৫০ মিলি ডাইলুয়েন্টের সাথে গুলিয়ে<br>১ মিলি বুকের মাংসে |

## গবাদিপশু

| | | | |
|---|---|---|---|
| তড়কা | ৫০/- | ২ বছর বা তদুর্ধ | ১ মিলি চামড়ার নিচে |
| বাদলা | ৩০/- | ৩ মাস বা তদুর্ধ | ৫ মিলি চামড়ার নিচে |
| গলাফুলা | ৩০/- | ৬ মাস বা তদুর্ধ | ২ মিলি চামড়ার নিচে |
| ক্ষুরারোগ | | ৪ মাস বা তদুর্ধ | ৬ মিলি চামড়ার নিচে |
| ট্রাইভ্যালেন্ট | ১৬০/- | | |
| বাইভ্যালেন্ট/মনোভ্যালেন্ট | ৯৬/- | | |
| পিপিআর | ৫০/- | ৪ মাস বা তদুর্ধ | ১ মিলি চামড়ার নিচে |
| জলাতংক (হেপ) | ২৫/- | গরু, ছাগল, বিড়াল ও বানর ৩ মাস বা তার বেশি বয়সে কুকুর কামড়ানের পূর্বে | ৩ মিলি মাংসে |
| জলাতংক (হেপ) | ২৫/- | কুকুরে ৪ মাস বা তদুর্ধ | ৩ মিলি মাংসে |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল।
মীরসরাই , চট্টগ্রাম।

## গবাদি পশুর টিকার মূল্য তালিকা:-

| ক্রঃ নং | টিকার নাম | সরবরাহকৃত মাত্রা | সরকারি মূল্য |
|---|---|---|---|
| ০১ | তড়কা | ১০০ মাত্রা | ৫০ টাকা |
| ০২ | বাদলা | ২০মাত্রা | ৩০ টাকা |
| ০৩ | গলাফুলা | ৫০ মাত্রা | ৩০ টাকা |
| ০৪ | ক্ষুরারোগ | ১৬ মাত্রা | ১৬০ টাকা |
| ০৫ | পিপিআর | ১০০ মাত্রা | ৫০ টাকা |
| ০৬ | গোট পক্স | ১০০ মাত্রা | ৫৫ টাকা |
| ০৭ | জলাতঙ্ক (LEP) | ১মাত্রা | ২৫ টাকা |
| ০৮ | জলাতঙ্ক (HEP) | ১মাত্রা | ২৫ টাকা |

## হাঁস মুরগীর টিকার মূল্য তালিকা:-

| ক্রঃ নং | টিকার নাম | সরবরাহকৃত মাত্রা | সরকারি মূল্য |
|---|---|---|---|
| ০১ | বিসিআরডিবি | ১০০ মাত্রা | ১৫ টাকা |
| ০২ | আরডিবি | ১০০ মাত্রা | ১৫ টাকা |
| ০৩ | ডাক প্লেগ | ১০০ মাত্রা | ৩০ টাকা |
| ০৪ | পিজিয়ন পক্স | ২০০ মাত্রা | ২০ টাকা |
| ০৫ | ফাউল পক্স | ২০০ মাত্রা | ৪০ টাকা |
| ০৬ | ফাউল কলেরা | ১০০ মাত্রা | ৩০ টাকা |
| ০৭ | গামবোরো | ১০০০ মাত্রা | ২০০ টাকা |
| ০৮ | ফাউল টাইফয়েড | ২০০ মাত্রা | ৯০ টাকা |
| ০৯ | মারেক্স | ১০০০ মাত্রা | ৩৫০ টাকা |

## কৃত্রিম প্রজনন:-

কৃত্রিম প্রজনন -৩০(ত্রিশ টাকা) মাত্র

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
মীরসরাই , চট্টগ্রাম।
মোবাইল ঃ ০১৩২৪২৯০৯৬০, ০১৩২৪২৯০৯৭৬